

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৪২.৩১.০০২.১৭.১২৬৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: বাগেরহাট জেলা পরিষদের ২ জন সদস্য এম.পি.ও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে অবসর গ্রহণ করায় জেলা পরিষদ হতে সম্মানী ভাতা প্রদানের বিষয়ে মতামত প্রদান।

সূত্র: বাগেরহাট জেলা পরিষদের স্মারক নং-জেপবা/বাইশ-৮২/২০১৭/৭৬, তারিখ: ১/৪/২০১৮।

স্থানীয় সরকার বিভাগের ৯/৮/২০১৭ তারিখের ১৭৭৫ নং স্মারকে জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের মাসিক সম্মানী নির্ধারণ করে পত্র জারী করা হয়। জেলা পরিষদের সদস্যগণ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠানে সার্বক্ষণিক কোন পদে চাকুরিরত থাকলে এবং আর্থিক সুবিধা গ্রহণ করলে একই সাথে জেলা পরিষদের তহবিল হতে সম্মানী গ্রহণ করা যাবে না মর্মে স্থানীয় সরকার বিভাগের ১৭/১০/২০১৭ তারিখের ২০১০ নং স্মারকে নির্দেশনা দেয়া হয়। বাগেরহাট জেলা পরিষদের ৪ নং সংরক্ষিত মহিলা ওয়ার্ডের সদস্য মোছাঃ আফরোজা আক্তার বাগেরহাট খানজাহান আলী ডিগ্রী কলেজে কর্মরত ছিলেন। ১৪ নং ওয়ার্ডের সদস্য জনাব শাহাবুদ্দিন তালুকদার সিরাজ উদ্দিন মেমোরিয়াল কলেজ, মোড়েলগঞ্জে কর্মরত ছিলেন। বর্ণিত ২ জন সদস্য কলেজের পদ থেকে অবসর গ্রহণ করায় জেলা পরিষদ হতে সম্মানী ভাতা পাওয়ার জন্য আবেদন করেছেন।

২। বাগেরহাট জেলা পরিষদের ৪নং সংরক্ষিত মহিলা ওয়ার্ডের সদস্য মোছাঃ আফরোজা আক্তার এবং ১৪ নং ওয়ার্ডের সদস্য জনাব শাহাবুদ্দিন তালুকদার এম.পি.ও ভুক্ত কলেজের চাকুরি হতে অবসর গ্রহণ করায় জেলা পরিষদ হতে সম্মানী প্রদান করা যাবে কিনা সে বিষয়ে মতামত দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

JMA in
১১/০৭/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

যুগ্মসচিব
আইন-১ অধিশাখা
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।